

চাঁপাইনবাবগঞ্জে পিপিআর রোগের বিনামূল্যে টিকা প্রদান কর্মসূচী পরিদর্শন

Oct 7, 2024 - 19:38

0 33

Updated: Oct 7, 2024 - 19:39



মুসা মিয়া স্টাফ রিপোর্টার: চাঁপাইনবাবগঞ্জ জেলায় ছাগল ও ভেড়ার মহামারী পিপিআর রোগের বিনামূল্যে টিকা প্রদান কর্মসূচী পরিদর্শন করেছেন প্রাণিসম্পদ দপ্তরের রাজশাহী বিভাগীয় পরিচালক ডাঃ মোঃ আব্দুল হাই সরকার।

সোমবার (৭ অক্টোবর) চাঁপাইনবাবগঞ্জ জেলার বিভিন্ন জায়গায় টিকা প্রদান কর্মসূচী পরিদর্শন করেন তিনি।

চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নে পিপিআর ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন পরিদর্শনের সময় চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ডাঃ মোঃ গোলাম মোস্তফা, সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ডাঃ মোঃ ইয়ামিন আলী, সহ উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রাণিসম্পদ অধিদপ্তরের পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় চলতি বছরে গত ১ অক্টোবর থেকে শুরু হয়ে এ কর্মসূচী ১৮ অক্টোবর পর্যন্ত সারাদেশব্যাপী চলমান থাকবে। কর্মসূচীর আওতায় মহামারী রোগ পিপিআর নির্মূলে চাঁপাইনবাবগঞ্জ জেলায় মোট ছয় লক্ষ ত্রিশ হাজার যার মধ্যে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় এক লক্ষ ষাট হাজার ছাগল ও ভেড়ায় বিনামূল্যে টিকা প্রদান করা হবে।

পরিদর্শকালে ভ্যাক্সিনেশন ক্যাম্পেইনে বিভাগীয় পরিচালক ডাঃ মোঃ আব্দুল হাই সরকার, ছাগল-ভেড়ার পিপিআর রোগ নির্মূলে সকল খামারিদের সহযোগীতা কামনা করেন এবং ফ্রি টিকা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করেন।